বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

যৌতুক দেওয়া ও নেয়া
উভয় দন্ডনীয় অপরাধ

২০১২ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষা সংক্রান্ত

বিজ্ঞপ্তি

স্মারক নং-পরী/দাখিল/ও-১/৩/৩২/১২০০০ তারিখঃ- ২০/০৯/২০১১ইং

এতদ্বারা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সকল মাদরাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে ২০১২ইং সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার আবেদন ফরম এবং প্রয়োজনীয় ফি জমা দেওয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নরূপঃ

১. **পরীক্ষার্থী নির্বাচন ও করণীয় ঃ**

ক) নিয়মিত, অনিয়মিত (আর.পি), জি.পি.এ উন্নয়ন ও আংশিক (এক থেকে চার বিষয়/গ্রুপে অকৃতকার্য-যার জন্য যা প্রযোজ্য) সকল পরীক্ষার্থী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি (সিলেবাস) অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

খ) ২০১০-২০১১ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনধারী নিয়মিত,অনিয়মিত ও আংশিক পরীক্ষার্থীর জন্য **(জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত)** নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীনের বিষয়টি বাধ্যতা মূলক নয়। নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র মাদরাসা কর্তৃপক্ষকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। প্রয়োজন বোধে নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করতে হবে।

গ) ২০০৮-২০০৯ ও ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের রেজিষ্ট্রেশনধারী ছাত্র-ছাত্রীরা ২০১০ ও ২০১১ সালের দাখিল পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা ২০১২ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত (আর.পি) পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে।

ঘ) ২০১০ ও ২০১১ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত ও নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে এক থেকে চার বিষয়/গ্রুপের অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে ২০১২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উক্ত **পরীক্ষার্থীগণ ৪র্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না**। পরীক্ষায় অংশগ্রহণকৃত বিষয়/বিষয় সমূহের জি.পি উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জি.পি. এর সাথে যোগ করে পরীক্ষার্থীর জি.পি.এ নির্ণয় করা হবে। তবে তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঙ) কেবল ২০১১ সালের দাখিল পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে যারা ৪র্থ বিষয় বাদে আবশ্যিক বিষয়সমূহে ডি অথবা তদুর্ধ গ্রেড প্রাপ্ত (জি.পি.এ ৫.০০ ও কম হলে) তারা ইচ্ছা করলে ২০১২ সালের দাখিল পরীক্ষায় জি.পি.এ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। কোন অবস্থাতেই রেজিষ্ট্রেশনে উল্লেখিত বিষয় ও মাদরাসা পরিবর্তন করা যাবে না। তাদের এন্ট্রিফরম সহ প্রয়োজনীয় কাগজপত্রের যথাস্থানে পূর্বের রেজিষ্ট্রেশন নম্বর, রোল নম্বর, প্রাপ্ত জি.পি.এ উল্লেখ করতে হবে। তথ্য বিবরণী ফরমে প্রিন্ট আউট-এর ক্রমিকের স্থলে জি.পি.এ উন্নয়ন শব্দটি লিখতে হবে। তাদের পরীক্ষার আবেদন ফরমের সাথে ২০১১ সালের দাখিল পরীক্ষার প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই সংযোজন করতে হবে। পরীক্ষার্থীর জি.পি.এ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জি.পি.এ বহাল থাকবে।

চ) কোন অবস্থাতেই এক মাদরাসার রেজিষ্ট্রেশনধারী ছাত্র-ছাত্রী বোর্ডের ছাড়পত্র ব্যতীত অন্যকোন মাদরাসার মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেনা। ছাড়পত্র গ্রহণকারী পরীক্ষার্থী ছাড়পত্রের ও রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি এন্ট্রিফরমের সঙ্গে জমা দিতে হবে।

ছ) কেবল ২০১০-২০১১ শিক্ষা বর্ষের রেজিষ্ট্রেশনধারী ছাত্র-ছাত্রীরা ২০১২ সালের দাখিল পরীক্ষায় বাংলা, ইসলামের, ইতিহাস,কুরআন মাজীদ, সামাজিক বিজ্ঞান ও রসায়ন বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে অংশগ্রহণ করবে।

জ) কেবল ২০০৯-২০১০ শিক্ষা বর্ষের ছাত্র-ছাত্রীরা বাংলা ও ইসলামের ইতিহাস বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ঝ) কেবল ২০০৭-২০০৮ এবং ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীরা পূর্বের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ঞ) ২০১১ সালের দাখিল পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী অতিরিক্ত বিষয় ছাড়া সর্বোচ্চ ২ (দুই) বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিষ্ট্রেশনের মেয়াদ ২০১১ সালে শেষ হয়েছে তারা ১০০/= (একশত) টাকা ফি প্রদান করতঃ রেজিষ্ট্রেশনের মেয়াদ নবায়ন করে শুধু ২০১২ সালের দাখিল পরীক্ষায় ঐ অকৃতকার্য বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ট) যে সকল উপজেলায় দাখিল পর্যায়ের পরীক্ষা কেন্দ্র আছে সেই উপজেলাস্থ মাদরাসা কোন ক্রমেই অন্য উপজেলার/জেলার পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেওয়ার জন্য আবেদন করতে পারবেনা। প্রত্যেক মাদরাসাকে নিজ উপজেলাস্থ পরীক্ষা কেন্দ্রকে পরীক্ষা কেন্দ্র হিসেবে উল্লেখ করতে হবে।

২. পরীক্ষার ফরম গ্রহণ এবং ফিস ও ফরম জমাদানের সময়সূচি ঃ-

ক) ২০১২ সালে দাখিল পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক নিয়মিত, অনিয়মিত, জি.পি.এ উন্নয়ন এবং আংশিক (২০১১ সালের দাখিল পরীক্ষায় এক থেকে চার বিষয়/গ্রুপেঅকৃতকার্য-যার জন্য যা প্রযোজ্য) পরীক্ষার্থীদের নিজ নিজ মাদরাসা প্রধানের নিকট আবেদনের শেষ তারিখঃ	২৯/০৯/২০১১
খ) নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশের শেষ তারিখ	০২/১১/২০১১ ইং
গ) সকল প্রকার পরীক্ষার্থীর জন্য এন্ট্রিফরম ও অন্যান্য কাগজপত্র বোর্ড/আঞ্চলিক কার্যালয় হতে গ্রহণের শেষ তারিখ-	০১/১১/২০১১ হতে ১৪/১১/২০১১ পর্যন্ত
ঘ) বিলম্ব ফি ছাড়া বাংক ড্রাফ্ট ক্রয় এবং বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে জমা দেয়ার শেষ তারিখঃ	১৪/১১/২০১১ হতে ২১/১১/২০১১ইং পর্যন্ত
ঙ) পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফি সহ ড্রাফ্ট ক্রয় এবং বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে জমা দেয়ার শেষ তারিখ-	২২/১১/২০১১ হতে ২৪/১১/২০১১ ইং পর্যন্ত
চ) ড্রাফ্ট জমা দেয়ার গৃহিত রশিদসহ ঢাকা অঞ্চলের মাদরাসা সমূহ বোর্ডের দাখিল শাখায় এবং অন্যান্য অঞ্চল নিজ নিজ কেন্দ্র সচিবের (সর্বশেষ দায়িত্বপ্রাপ্ত) নিকট হাতে হাতে জমা দেয়ার শেষ তারিখ-	২৭/১১/২০১১ হতে ২৮/১১/২০১১ ইং পর্যন্ত
ছ) কেন্দ্র সচিব/ তারপ্রতিনিধির মাধ্যমে বোর্ডে ফরমসমূহ জমা দেয়ার সর্বশেষ তারিখ-	**২৯/১১/২০১১ হতে ৩০/১১/২০১১ পর্যন্ত**

(বিঃ দ্রঃ-উল্লেখিত তারিখের পরে কোন অবস্থায় পরীক্ষার ফরম গ্রহণ এবং ফিস ও ফরম জমা দেওয়া যাবেনা। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।)

৩.এন্ট্রিফরম ও অন্যান্য ফরম গ্রহণের নিয়মাবলী ঃ

ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক নির্বাচিত পরীক্ষার্থীদের সংখ্যা উল্লেখ করে মাদরাসার মূল প্যাডে আবেদন করতে হবে।
খ) মাদরাসা প্রধান/তাঁর প্রতিনিধি সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত পরিচয়পত্র প্রদর্শন করে ফরম গ্রহণ করতে হবে।
গ) মাদরাসা প্রধানের প্রতিনিধিকে স্বাক্ষর সত্যায়িত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৪. ফি জমা দেয়ার নিয়মাবলী ঃ

- ব্যাংক ড্রাফ্ট বোর্ডের রেজিস্ট্রারের অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ক্রয় করতে হবে।
- **কোন অবস্থাতেই নির্দিষ্ট তারিখের পরে ড্রাফ্ট ও আবেদন ফরম গ্রহণ এবং জমা দেওয়া যাবে না।**
- **ঢাকা অঞ্চল মাদরাসা শিক্ষা বোর্ডে এবং অন্যান্য অঞ্চল তাদের স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে।**
- সোনালী ব্যাংকের ড্রাফট ছাড়া কোন ক্রমেই পরীক্ষার ফি নগদ টাকা, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, মানি অর্ডর সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদির মাধ্যমে জমা দেয়া যাবে না।
- বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে এন্ট্রিফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র এবং ব্যাংক ড্রাফ্ট কোন অবস্থাতেই ডাকযোগে প্রেরণ করা যাবে না।
- আঞ্চলিক অফিসে ব্যাংক ড্রাফট জমা দেয়ার নমুনা ছক বোর্ডের ওয়েব সাইট থেকে সংগ্রহ করতে হবে।

৫. বোর্ডে/কেন্দ্র সচিবের নিকট পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়ার নিয়মাবলী ঃ

ক) বিলম্ব ফি ছাড়া এবং বিলম্ব ফি সহ জমাকৃত পরীক্ষার্থীদের এন্ট্রিফরম ও তথ্য বিবরণী একত্রে প্রিন্ট আউটের ক্রমানুসারে সাজাতে হবে।
খ) বোর্ড এবং কম্পিউটার কেন্দ্রের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ আলাদা আলাদা ভাবে ২ (দুই) সেট ছকে উল্লেখিত ক্রমানুযায়ী তৈরী করে একত্রে সুতা/স্ট্যাপলার পিন দ্বারা গেঁথে জমা দিতে হবে।

বোর্ডের জন্য	কম্পিউটার কেন্দ্রেরজন্য
১.গৃহিত টাকার রশিদ ২.মুখপত্র (টপশীট)- ১ কপি ৩.তথ্য ফরম (কম্পিউটার কেন্দ্রে ব্যবহারের জন্য)- ১ কপি ৪.এন্ট্রিফরমসমূহ (প্রিন্ট আউটের ক্রমানুসারে) ৫.বিবরণী ফরম- ১ সেট ৬.মূল প্রিন্ট আউট	১.মুখপত্র (টপশীট)- ১ কপি ২.তথ্য ফরম (কম্পিউটার কেন্দ্রে ব্যবহারের জন্য)-১ কপি। ৩.বিবরণী ফরম- ১ সেট

৬. ফি এর হার ঃ

পরীক্ষার্থীর ধরণ	*পররীক্ষার ফি (প্রতি পত্র)*	*ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার ফি (প্রতি পত্র)*	*একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী)*	*মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী)*	*অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী)* ***(R.P)***	*জি.পি.এ উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী)*	*জাতীয় শিক্ষা সপ্তাহ ফি(প্রতি পরীক্ষার্থী)*	*বয়েজ স্কাউট/রোভার/ গার্লসগাইড ফি*	*ক্রীড়া এফিলিয়েশন ফি (প্রতি মাদরাসা)*
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
নিয়মিত	৬০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	X	X	৫.০০	১৫.০০	২০০.০০ (একবার)
অনিয়মিত	৬০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	১০০.০০		৫.০০	১৫.০০	
জি.পি.এ উন্নয়ন	৬০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	X	১০০.০০	৫.০০	১৫.০০	
আংশিক (১ থেকে ৪ বিষয়ে / গ্রুপেঅকৃতকার্য)	৬০.০০	৩০.০০	৩৫.০০	----	১০০.০০	X	৫.০০	১৫.০০	

১ যে সকল অনিয়মিত পরীক্ষার্থী একবার ফরম পুরণ করে প্রবেশপত্র পেয়েছে তাদের রেজিস্ট্রেশনের মেয়াদের মধ্যে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পুনরায় মূল সনদ ফি (১০০.০০) দিতে হবে না। তবে প্রবেশপত্রের মূল কপি অবশ্যই পরীক্ষার আবেদন ফরমের সংগে সংযোজন করতে হবে

২ কেন্দ্র ফি (সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে দিতে হবে)ঃ

- সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জন প্রতি)- ২০০.০০ টাকা
- সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জন প্রতি)-২০০.০০ টাকা এবং প্রতি ব্যবহারিক বিষয়ের জন্য ২০.০০ টাকা হারে।

৯. যে সকল পরীক্ষার্থী ২০১০ সালেরদাখিল পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে (অতিরিক্ত বিষয় বাদে) অকৃতকার্য হয়ে ২০১১ সালে দাখিল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১২ সালের দাখিল পরীক্ষায় জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

বিশেষ দ্রষ্টব্যঃ

- **বহিস্কৃত/ রিপোর্টেড পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন অবস্থাতেই আবেদন ফরম পূরণ করা যাবে না। এ ধরনের কোন পরীক্ষার্থীআবেদন ফরম বোর্ডে জমা দিলে সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ দায়ী থাকবেন।**
- **মাদরাসা প্রধানগণকে অবশ্যই নামসহ সীল ব্যবহারের জন্য অনুরোধ করা হল।**
- **বোর্ডে যে কোন আবেদন অবশ্যই মাদরাসার মূল প্যাডে দাখিল করতে হবে। কোনক্রমেই প্যাডের ফটোকপিতে আবেদন করা যাবে না। আবেদনে মাদরাসা প্রধানের মোবাইল/টেলিফোন নম্বর/ মাদরাসার কোড/মাদরাসার EIIN উল্লেখ করতে হবে।**
- **মাদরাসার প্রধানসহ সকল শিক্ষককে সভাপতি (জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা) কর্তৃক স্বাক্ষর ও ছবি সত্যায়ন পূর্বক পরিচয়পত্র নিয়ে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে আসতে হবে।**
- **এই বিজ্ঞপ্তিটি বোর্ডের নিজস্ব ওয়েব সাইটে পাওয়া যাবে (www.bmeb.gov.bd)**

২০.০৯.২০১১
(মোঃ নজমুল হুদা)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৮৬২৫৯১৮।

স্মারক নং-পরী/দাখিল/ও-১/৩/৩২/১২০০০ তারিখঃ- ২০/০৯/২০১১ইং

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ-

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩. জেলা প্রশাসক (সকল)

৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।

৬. আই.টি.ইনচার্য,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইডে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৭. সহকারী পরিদর্শক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড (সকল)।

৮. সিস্টেম এনালিষ্ট (ভারপ্রাপ্ত), শিক্ষা বোর্ড কম্পিউটারকেন্দ্র, ১২/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা।

৯. অত্র বোর্ডের আওতাধীন সকল মাদরাসা প্রধান।

১০. অত্র বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারী।

১১. অফিস কপি।

২০.০৯.২০১১

(মোঃ কামরুল হাসান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফেনঃ ৯৬৭৫২৪৮।